

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।  
[www.techedu.gov.bd](http://www.techedu.gov.bd)

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৬৩.২৩.০১৩.১৩- ৩৬২

তারিখ : ১৬ নভেম্বর, ২০১৬খ্রিঃ

বিষয় : মহান বিজয় দিবস-২০১৬ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচির আলোকে শিক্ষা মন্ত্রণালয়ের কর্মসূচিসমূহ সুচারুরূপে সম্পন্ন করার লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সূত্র : (১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৫.২৩.০৪০.১৬-৫৩০, তারিখঃ ১৩ নভেম্বর, ২০১৬খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের আলোকে “মহান বিজয় দিবস-২০১৬” যথাযথ মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচির আলোকে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ :

ক্রঃ নং	গৃহীত সিদ্ধান্তসমূহ
১.	মহান বিজয় দিবস যথাযথ মর্যাদায় উদযাপনের অংশ হিসেবে ১৬ ডিসেম্বর, ২০১৬ তারিখ সূর্যোদয়ের সাথে সাথে শিক্ষা মন্ত্রণালয়ের অধীন সকল অধিদপ্তর-সংস্থা-দপ্তর সরকারি বেসরকারি ও স্বায়ত্বশাসিত শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে।
২.	মন্ত্রণালয়ের অধীন সকল অধিদপ্তর-সংস্থা-দপ্তর তাদের অধিক্ষেত্রাধীন সরকারি-বেসরকারি স্কুল-কলেজে ১৬ ডিসেম্বর, ২০১৬ তারিখ দেশের সকল জেলা ও উপজেলা সদরে স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীদের সমাবেশ, ক্রীড়ানুষ্ঠান, টি-টুয়েন্টি ক্রিকেট টুর্নামেন্ট, নৌকা বাইচ (যেখানে সম্ভব), ফুটবল, কাবাডি ও হা-ডু-ডু খেলার আয়োজন করতে হবে।
৩.	মন্ত্রণালয়ের অধীন সকল অধিদপ্তর-সংস্থা-দপ্তরসমূহ তাদের অধিক্ষেত্রাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানকে ১৬ ডিসেম্বর, ২০১৬ তারিখ মুক্তিযুদ্ধভিত্তিক আলোচনা অনুষ্ঠান, রচনা প্রতিযোগিতা, কবিতা আবৃত্তির আয়োজন করতে হবে।
৪.	মহান বিজয় দিবস ২০১৬ উদযাপন উপলক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে কেন্দ্রীয় আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান, আগামী ১৬ ডিসেম্বর, ২০১৬ তারিখ আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে আয়োজন করা হবে।
৫.	আগামী ১৭ ডিসেম্বর, ২০১৬ তারিখ ঢাকা কলেজে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচী আয়োজন করা হবে।

২। এমতাবস্থায়, ২০১৬ সালের মহান বিজয় দিবসের উপরোক্ত সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করে অধিদপ্তরের ই-মেইল [dte.piw@gmail.com](mailto:dte.piw@gmail.com)—এ সফটকপি ও হার্ডকপি প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হ'ল।

মন্ত্রণালয়  
২৩/১১/১৬

মনজুরুল কাদের  
যুগ্মসচিব

ও  
পরিচালক(পিআইডব্লিউ)

বিতরণ :

অধ্যক্ষ,  
টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ/ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ/  
সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজ/ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ।

অধ্যক্ষ, ..... পলিটেকনিক ইনস্টিটিউট/  
বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্রাফিক আর্টস/  
বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট, রামমালা, কুমিল্লা/ফেনী কম্পিউটার ইনস্টিটিউট, ফেনী/  
ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।

অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ,-----।  
আঞ্চলিক পরিদর্শক, আঞ্চলিক পরিদর্শকের কার্যালয়, ঢাকা/ চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১-৪। পরিচালক (প্রশাসন/ভোকেশনাল/পরিকল্পনা ও উন্নয়ন/পিআইডব্লিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭।
- ৫। জনাব মোঃ আখতারউজ-জামান, সিনিয়র সহকারী সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। উপসচিব (কারিগরি), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। সহকারী পরিচালক ১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ICT সেল, পত্রখানা জরুরী ভিত্তিতে ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
- ৯। প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ১১। নথি।

মোঃ রেজাউল করিম  
সহকারী পরিচালক (পিআইডব্লিউ)